

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
প্রশাসন ও সংস্থাপন শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬১.৯৯.০৭৯.১৭.৯৮২

তারিখ: ১৬ আশ্বিন ১৪২৫

০১ অক্টোবর ২০১৮

বিষয়: ২৫ বছরের পুরানো নথিপত্র/রেকর্ডপত্র জাতীয় আরকাইভসে প্রেরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর এর ০২ আগস্ট ২০১৮ তারিখের ৪৩.২৫.০০০০.০১৫.১৬.০০১.১৮.৮ সংখ্যক পত্রের অনুলিপি এ সঙ্গে প্রেরণ করা হলো। উক্ত পত্রের নির্দেশনা অনুযায়ী ২৫ বছরের পুরাতন 'ক' শ্রেণির রেকর্ডপত্র সরাসরি আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরে প্রেরণপূর্বক এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত : বর্ণনা মোতাবেক।



১-১০-২০১৮

কাউসার নাসরীন

উপসচিব

ফোন: ৯৫৪৯১৩০

বিতরণ :

- ১) চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ), ঢাকা।
- ২) ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ঢাকা।
- ৩) মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা।
- ৪) ডেপুটি সেক্রেটারি জেনারেল, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন, ঢাকা।
- ৫) প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
- ৬) মহাপরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট, ঢাকা।
- ৭) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৮) মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী, ঢাকা।
- ৯) চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।
- ১০) সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন, ঢাকা।
- ১১) পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ১২) চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১৩) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা।
- ১৪) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।
- ১৫) চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

ইমেইল: sas\_admin1@moedu.gov.bd

১৬) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,  
রাজশাহী।

১৭) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,  
ময়মনসিংহ/চট্টগ্রাম/সিলেট।

১৮) সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ,  
শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [ওয়েবসাইটে প্রকাশের  
অনুরোধসহ]।

১৯) সদস্য-সচিব, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক কর্মচারী  
অবসর সুবিধা বোর্ড, ঢাকা।

২০) সদস্য-সচিব, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক কর্মচারী  
কল্যাণ ট্রাস্ট, ঢাকা।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬১.৯৯.০৭৯.১৭.৯৮২/১

তারিখ: ১৬ আশ্বিন ১৪২৫  
০১ অক্টোবর ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) উপসচিব (প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



১-১০-২০১৮

কাউসার নাসরীন

উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
৩২, বিচারপতি এস.এম. মোর্শেদ সরণি, আগারগাঁও  
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭  
www.nanl.gov.bd

স্মারক নম্বর: ৪৩.২৫.০০০০.০১৫.১৬.০০১.১৮.৮

তারিখ: ১৮ শ্রাবণ ১৪২৫  
০২ আগস্ট ২০১৮

বিষয়: ২৫ বছরের পুরানো নথিপত্র/রেকর্ডপত্র জাতীয় আরকাইভসে প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে জাতীয় আরকাইভস আইন, ২০১৩ এর ৯(২)(ডি) ধারা অনুযায়ী বাংলাদেশ জাতীয় আরকাইভস দেশের সরকারি, আধাসরকারি এবং স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসমূহের ২৫ বছরের উর্ধ্বের ঐতিহাসিক গুরুত্বপূর্ণ রেকর্ড/নথিপত্র, প্রকাশনা, ছবি, ম্যাপ, পোস্টার ইত্যাদি সংগ্রহ, সংরক্ষণ, ব্যবস্থাপনা এবং পরিচর্যা করে। এছাড়াও সচিবালয় নির্দেশমালা ২০১৪ এর ৯৬ নির্দেশে 'ক' শ্রেণির মূল্যবান নথিসমূহ 'বাংলাদেশ জাতীয় আরকাইভস'-এ স্থানান্তরের বিধান রয়েছে। এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগেরও নির্দেশনা রয়েছে।

২। বর্তমানে মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয় ও সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং কয়েকটি জেলা প্রশাসকের কার্যালয় থেকে নিয়মিতভাবে জাতীয় আরকাইভসে নথিপত্র প্রেরণ করা হয়। কিন্তু সুনির্দিষ্টভাবে আরকাইভস আইন, ২০১৩; বেঙ্গল রেকর্ডস ম্যানুয়েল ১৯৪৩ এবং সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী অধিকাংশ মন্ত্রণালয়/বিভাগ এবং মন্ত্রণালয়/বিভাগের অধীনস্থ অধিদপ্তর, দপ্তর, সংস্থা এবং বিভাগীয় ও জেলা পর্যায়ে অফিস থেকে স্ব-উদ্যোগে ২৫ বছরের উর্ধ্বের পুরাতন নথিপত্র, দলিল-দস্তাবেজ, দুস্তাপ্য ছবি, পোস্টার, ম্যাপ ইত্যাদি যথাযথভাবে প্রেরণ করা হয় না।

৩। বর্ণিত অবস্থায়, আরকাইভাল রেকর্ডভান্ডার সমৃদ্ধ করার প্রয়োজনে জাতীয় আরকাইভস আইন, ২০১৩ ও সচিবালয় নির্দেশমালা ২০১৪-এর ৯৬ নির্দেশ অনুযায়ী আপনার মন্ত্রণালয় ও অধীনস্থ অধিদপ্তর, দপ্তর ও সংস্থায় রক্ষিত ২৫ বছরের পুরাতন 'ক' শ্রেণির রেকর্ডপত্র আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ এ প্রেরণের জন্য অনুরোধ জানাচ্ছি। উল্লেখ্য, আরকাইভাল রেকর্ড বাছাই করতে সহযোগিতার প্রয়োজন হলে অধিদপ্তর হতে সংশ্লিষ্ট কর্মকর্তা প্রেরণ করা হবে।

৫-৮-২০১৮

দিলীপ কুমার সাহা  
মহাপরিচালক

সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব (সকল)

স্মারক নম্বর: ৪৩.২৫.০০০০.০১৫.১৬.০০১.১৮.৮/১(৪)

তারিখ: ১৮ শ্রাবণ ১৪২৫  
০২ আগস্ট ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মন্ত্রীর একান্ত সচিব, মাননীয় মন্ত্রীর দপ্তর, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৩) মহাপরিচালকের একান্ত সহকারী, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা
- ৪) স্টেনোগ্রাফার কাম-কম্পিউটার অপারেটর, পরিচালক এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর

৫-৮-২০১৮

দিলীপ কুমার সাহা  
মহাপরিচালক